

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ : ৩০ এপ্রিল ২০১৮খ্রিঃ

বিষয়ঃ সরকারের বিভিন্ন বিনিয়োগ উৎসাহ প্রদানকারী দপ্তর/সংস্থার সমন্বয়ে **Investment Promotion Team (IPT)** গঠন।

নং-১৯০/২০১৮/কাস্টমস—২০৩০ সালের মধ্যে সহস্রাব্দ উন্নয়ন অভিষ্ট (এসডিজি) ও লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বৈদেশিক ও অভ্যন্তরীণ বিনিয়োগকে অধিকতর আকৃষ্ট করা তথা ব্যবসাবান্ধব বিনিয়োগ পরিস্থিতি অধিকতর উন্নয়নের লক্ষ্যে বিনিয়োগবান্ধব রাজস্ব নীতি প্রণয়নে সহায়তা বা সুপারিশ প্রদানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত Investment Promotion Team (IPT) গঠন করা হলো:

ক্রঃ নং	নাম ও পদবি	টিমে অবস্থান
(১)	(২)	(৩)
১	সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	আহ্বায়ক
২	সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	সদস্য
৩	সদস্য (আয়কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	সদস্য
৪	প্রধানমন্ত্রীর কার্যালয় এর প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
৫	অর্থ বিভাগের প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
৬	বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
৭	শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
৮	বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি (যুগ্ম-পরিচালক পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
৯	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) এর প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য

(৫১৫৫)

মূল্য : টাকা ৪.০০

(১)	(২)	(৩)
১০	বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA) এর প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
১১	বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) এর প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
১২	বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
১৩	Public Private Partnership (PPP) কর্তৃপক্ষ এর প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
১৪	Business Initiative Leading Development (BUILD) এর প্রতিনিধি	সদস্য
১৫	ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স এ্যান্ড কমার্স ইন্ডাস্ট্রিজ (FBCCI) এর প্রতিনিধি	সদস্য
১৬	বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (BGMEA) এর প্রতিনিধি	সদস্য
১৭	বাংলাদেশ নিটওয়্যার্স ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (BKMEA) এর প্রতিনিধি	সদস্য
১৮	বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (BCI) এর প্রতিনিধি	সদস্য
১৯	মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (MCCI) এর প্রতিনিধি	সদস্য
২০	ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (FICCI) এর প্রতিনিধি	সদস্য
২১	প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	সদস্য-সচিব

২। উক্ত টিমের Terms of Reference (ToR) হবে নিম্নরূপ:—

- (ক) জাতীয় বাজেট প্রণয়নের প্রাক্কালে বাজেটে অন্তর্ভুক্তির জন্য এবং অর্থবছরের অন্যান্য সময়ে একই বিষয়ে বিনিয়োগ সহায়ক রাজস্ব নীতি প্রণয়নে সহায়তা প্রদান;
- (খ) উক্ত টিমের নিকট উপস্থাপিত শুদ্ধ-কর, মুসক ও আয়কর বিষয়ক প্রস্তাবনা পর্যালোচনা করে বাজেটে অন্তর্ভুক্তির জন্য অথবা অর্থবছরের অন্যান্য সময়ে একই বিষয়ে সুপারিশ প্রদান; এবং
- (গ) টিম প্রতি তিন মাসে ন্যূনতম একবার সভা করবে এবং সভার লিখিত প্রস্তাব সরকারের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করবে।

৩। উক্ত টিম প্রয়োজনে এক বা একাধিক সদস্য কোন-অপ্ট করতে পারবে এবং প্রয়োজনে খাতভিত্তিক সংশ্লিষ্ট অংশীজন/সংগঠন/প্রতিষ্ঠানের প্রতিনিধি/বিশেষজ্ঞ প্রতিনিধিকে টিমের সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd